

## অস্বাভাবিক মূল্য বৃদ্ধি : ১৩ ট্রাভেল এজেন্সির নিবন্ধন বাতিল

- A Monitor Desk Report

Date: 10 September, 2025



ঢাকাঃ উড়োজাহাজের টিকিটের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির সঙ্গে সম্পৃক্ততার অভিযোগের প্রমাণ পেয়ে ১৩টি ট্রাভেল এজেন্সির নিবন্ধন বাতিল করেছে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ও নিবন্ধন কর্তৃপক্ষ একেএম মনিরুজ্জামান স্বাক্ষরিত পৃথক আদেশে ট্রাভেল এজেন্সিগুলোর নিবন্ধন বাতিল করা হয়।

নিবন্ধন বাতিল হওয়া ট্রাভেল এজেন্সিগুলোর মধ্যে রয়েছে কাজী এয়ার ইন্টারন্যাশনাল (প্রা.) লিমিটেড, সিটিকম ইন্টারন্যাশনাল ট্রাভেল এজেন্সি (প্রা.) লি., আরবিসি ইন্টারন্যাশনাল, মেঘা ইন্টারন্যাশনাল এয়ার সার্ভিস, মাদার লাভ এয়ার সার্ভিস, জেএস ট্রাভেল অ্যান্ড ট্যুরস, হাসেম এয়ার ইন্টারন্যাশনাল, ফোর ট্রিপ লিমিটেড, কিং এয়ার এভিয়েশন, বিপ্লব ইন্টারন্যাশনাল ট্রাভেল এজেন্ট, সাদিয়া ট্রাভেলস, আত-তাইয়ারা ট্রাভেলস ইন্টারন্যাশনাল ও এনএমএসএস ইন্টারন্যাশনাল।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এসব ট্রাভেল এজেন্সি বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে অস্বাভাবিক দামে অতিরিক্ত মুনাফার উদ্দেশ্যে টিকিটের মজুদদারি, কালোবাজারি ও প্রতারণামূলক কার্যক্রমে সম্পৃক্ত হয়েছিল।

আকাশপথের যাত্রীসাধারণের স্বার্থ সংরক্ষণার্থে সরকার বারবার সতর্কবার্তা পাঠানোর পরও যেসব ট্রাভেল এজেন্সি, জিডিএস, জিএসএ বা এয়ারলাইনস সিন্ডিকেটের মাধ্যমে টিকিটের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ও অতিরিক্ত মুনাফা অর্জনের সঙ্গে সম্পৃক্ত থাকবে তাদের বিষয়ে কঠোর আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

নিবন্ধন বাতিল হওয়া ট্রাভেল এজেন্সিগুলো থেকে কোনো প্রকার এয়ার টিকিট কেনা-বেচাসহ ব্যবসায়িক কার্যক্রম থেকে বিরত থাকার জন্য সর্বসাধারণকে অনুরোধ জানানো যাচ্ছে।

